

পরীক্ষার প্রশ্ন / ফাঁস ভয়ঙ্কর দুনীতি

— ড. জাফর ইকবাল

■ **সমকাল প্রতিবেদক**
বিশিষ্ট শিক্ষাবিদ ও লেখক ড. মুহম্মদ জাফর ইকবাল বলেছেন, পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ভয়ঙ্কর দুনীতি। প্রশ্ন ফাঁস করে শিক্ষার্থীদের দুনীতির কাছাকাছি নিয়ে যাওয়া হচ্ছে।
দুনীতি দমন কমিশনের (দুদক) আয়োজনে দুনীতিবিরোধী বিতর্ক, কার্টুন, পোস্টার ও রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিবরণ অনুষ্ঠানে ড. জাফর ইকবাল এসব কথা বলেন। গতকাল শনিবার রাজধানীর সেগুনবাগিচায় জাতীয় নাট্যশালা মিলনায়তনে ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৪

পরীক্ষার প্রশ্ন ফাঁস ভয়ঙ্কর

[তৃতীয় পৃষ্ঠার পর]

এ অনুষ্ঠানে দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ সভাপতিত্ব করেন। ইকবাল মাহমুদ বলেন, প্রশ্নপত্র ফাঁসের সুযোগ নিয়ে যারা পরীক্ষা দেবে তারা সমাজের আপদে পরিণত হবে। আর যারা সঠিকভাবে পড়াশোনা করে পরীক্ষা দেবে তারাই প্রতিষ্ঠা লাভ করবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন দুদক কমিশনার (অনুসন্ধান) ড. নাসির উদ্দিন আহমেদ, কমিশনার (তদন্ত) এএফএম আমিনুল ইসলাম, দুদক সচিব আবু মো. মোস্তফা কামাল, মহাপরিচালক ড. মো. শামসুল আরেফিন। দুনীতি প্রতিরোধ সপ্তাহ-২০১৭ পালন উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। গত ২৬ মার্চ শুরু হওয়া এ কর্মসূচির গতকাল ছিল শেষ দিন।

অনুষ্ঠানে প্রধান অতিথি সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল উপস্থিত ছাত্রছাত্রীদের উদ্দেশে বলেন, ফাঁস হওয়া প্রশ্নপত্রের পেছনে না ঘুরে ভালোভাবে পড়াশোনা করে সব ক্ষেত্রে উত্তীর্ণ হওয়া যায়। আর যারা প্রশ্নপত্র ফাঁসের সুযোগের পেছনে ঘোরে তারা ব্যর্থ হয়। সং পথে থাকলে সমাজে মাথা তুলে দাঁড়াতে পারবে। অসং পথে থাকলে একদিন কেঁচো, ইঁদুরের মতো মাথা গুঁজে থাকতে হবে। শিক্ষার্থীদের তিনি বলেন, তোমাদের চারপাশের পরিবেশ ভালো রাখবে। যারা নিয়মিত বই পড়ে তারা কোনো অন্যায় কাজ করতে পারে না। তোমরাই পারবে ৩০ লাখ শহীদের বিনিময়ে অর্জিত বাংলাদেশে শান্তি প্রতিষ্ঠা করতে।

ড. জাফর ইকবাল দুদকের প্রশংসা করে বলেন, যারা অপরাধ করেছে, তাদের আদালতের নির্দেশে একদিকে জেলে পাঠানোর ব্যবস্থা, অন্যদিকে ভবিষ্যৎ প্রজন্ম যাতে অপরাধে জড়িয়ে না পড়ে, সে বিষয়েও কাজ করছে দুদক।


দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেন, দুনীতিবাজরা সমাজ, রাষ্ট্রের কলঙ্ক। ৩০ লাখ শহীদের বিনিময়ে অর্জিত বাংলাদেশে এই কলঙ্ক থাকতে পারে না। যারা দুনীতি করবে তাদের একদিন না একদিন আইনের আওতায় আসতে হবে। উপস্থিত ছাত্রছাত্রীদের উদ্দেশে তিনি বলেন, দুনীতির বিরুদ্ধে জেগে উঠতে হবে। তবেই বাংলাদেশ থেকে দুনীতি দূর হবে।

অনুষ্ঠানে কমিশনার ড. নাসির উদ্দিন আহমেদ বিজ্ঞানী আইনস্টাইনের উক্তি তুলে ধরে বলেন, খারাপ মানুষের জন্য সমাজে ক্ষতি হয়; কিন্তু তার চেয়ে বেশি ক্ষতি হয় ভালো মানুষ নীরব থাকলে।

কমিশনার এএফএম আমিনুল ইসলাম বলেন, দুনীতিবাজদের শাস্তি দিয়ে ক্ষান্ত হলে চলবে না, দুনীতিকে নির্মূল করতে হবে।

বিতর্ক প্রতিযোগিতায় নির্বাচিত শিক্ষার্থী ইয়াছিন আরাফাত লিমন বলেন, দুনীতির বিস্তার ঘটছে প্রভাবশালীদের কারণে। তাই সামাজিকভাবে তাদের বয়কট করতে হবে। একই সঙ্গে তাদের বিরুদ্ধে দুদকে আইনি ব্যবস্থা নিতে হবে।

রচনা প্রতিযোগিতা, পোস্টার অঙ্কন, কার্টুন ও বিতর্ক প্রতিযোগিতায় ছয়টি ক্যাটাগরিতে মোট ২৩ শিক্ষার্থীকে পুরস্কার হিসেবে ক্রেস্ট, অর্থ, সার্টিফিকেট দেওয়া হয়। ড. মুহম্মদ জাফর ইকবাল ও দুদক চেয়ারম্যানের কাছ থেকে তারা পুরস্কার গ্রহণ করে।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
গ্রাভি নং.....	
তারিখ.....	
চীফ, প্রসিঙ্গনাম বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/স্বাক্ষরে	
	স্বাক্ষর